

Friday, April 4, 2025

Latest: নেহরু যুব কেন্দ্রের উদ্যোগে স্টেট লেভেল



NGO
Samrat

এন জি ও বিষয়ক বাংলা ভাষায় সর্বাধিক প্রচলিত
YouTube Channel " NGO Samrat "

দেখুন ও
সাবস্কাইব
করুন



HEADLINES

নেহরু যুব কেন্দ্রের উদ্যোগে স্টেট লেভেল
বিকশিত ভারত ইয়ুথ পার্লামেন্ট ২০২৫

📅 28 March , 2025 👤 BNE Live

নিজস্ব সংবাদদাতা : ২৭ এবং ২৮ মার্চ ২০২৫ ব্রেইনওয়ার ইউনিভার্সিটি বারাসাতে বিকশিত ভারত ইয়ুথ পার্লামেন্ট ২০২৫ রাজ্যপর্যায়ের যুবকদের নিয়ে বিশেষ অনুষ্ঠান হয়ে গেল। পশ্চিমবঙ্গের প্রতিটি জেলা থেকে নির্বাচিত ছাত্র-ছাত্রী এবং যুবারা এই অনুষ্ঠানে অংশ নেন। অনুষ্ঠানের আয়োজক ছিল ভারত সরকারের নেহরু যুব কেন্দ্র সংস্থান। অনুষ্ঠান সহযোগিতায় গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে বারাসাত ব্রেইনওয়ার ইউনিভার্সিটি। ২৭ মার্চ প্রদীপ জ্বালিয়ে অনুষ্ঠানের শুভ সূচনা করেন এনএসএস রিজিওনাল কো-অর্ডিনেটর গভমেন্ট অফ ইন্ডিয়া বিনয়ক কুমার, নেহরু যুব কেন্দ্রের ডেপুটি ডাইরেক্টর দেবকুমার চ্যাটার্জী, ব্রেনোয়ার ইউনিভার্সিটির বারাসাতের রেজিস্টার মছয়া পাল ও বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগীয় প্রধান ও আমন্ত্রিত বিশিষ্টজনেরা। বিভিন্ন জেলার প্রতিযোগীরা ভারতীয় সংবিধানের ৭৫ তম বর্ষের তাৎপর্য, নাগরিক অধিকার, মৌলিক অধিকার, কর্তব্য, সংকল্প, সংবিধানের সাংবিধানিক মূল্যবোধকে শক্তিশালী করা, দেশমাতৃকাকে রক্ষা করা ইত্যাদি দেশোবোধক সংকল্পের দৃঢ় অঙ্গীকারের কথা বক্তব্যের মাধ্যমে তুলে ধরেন। বক্তারা মূলত বাংলা, হিন্দি ও ইংরেজিতে বিকশিত ভারতের সংকল্প যাত্রা নির্দিষ্ট সময়ে তুলে ধরেন। এই প্রতিযোগিতায় যুবক-যুবতীদের বয়সের সীমা ছিল ১৮ থেকে ২৫ বছর। তীব্র প্রতিযোগিতামূলক এই বক্তৃত্তা প্রতিযোগিতা থেকে নির্বাচিত তিন প্রতিযোগী দিল্লিতে জাতীয় পর্যায়ে প্রতিযোগিতায় অংশ নেবে বলে জানা গেছে। দুদিন ব্যাপী এই অনুষ্ঠানে বিচারক হিসেবে ছিলেন ড: অনুপ কুমার মাইতি ব্রেনওয়ার ইউনিভার্সিটি ডিন স্টুডেন্ট ওয়েলফেয়ার, ড: কৌশিক ব্যানার্জী ব্রেনওয়ার ইউনিভার্সিটি আইন বিভাগের প্রধান, অমিত সেনগুপ্ত প্রাক্তন ব্যাংক আধিকারিক, শিবাশিস ব্যানার্জী নেহরু যুব কেন্দ্রের প্রাক্তন আধিকারিক, সাংবাদিক সম্রাট চট্টোপাধ্যায়। সকলের উপস্থিতি সহযোগিতায় দুদিন ব্যাপী এই অনুষ্ঠানটি সফলতা পায়।

← **বাংলা সহায়তা কেন্দ্র থেকে ফায়ার লাইসেন্সের আবেদন করা যাবে**

👍 **You May Also Like**